

সংসদে শিক্ষামন্ত্রী — কোচিং বাণিজ্য বন্ধে মনিটরিং সেল গঠন করা হয়েছে

সংসদে মার্জা পরিবেশক

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধে মনিটরিং সেল গঠন করা হয়েছে। শিক্ষামন্ত্রণালয়ের অধীনে গঠিত এই সেল কোচিংয়ের বিষয়টি গভীরভাবে পর্যবেক্ষণ করছেন। তাছাড়াও কোচিং বাণিজ্য বন্ধে মন্ত্রণালয় থেকে শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ জারি করা হয়েছে। নীতিমালা বাস্তবায়নের জন্য কোচিং : পৃষ্ঠা ২ ক : ৪

কোচিং বাণিজ্য

(১৬ পৃষ্ঠার পর)

মেট্রোপলিটন, বিভাগীয় পর্যায়ে, জেলা পর্যায়ে এবং উপজেলা পর্যায়ে পৃথক পৃথক মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি দ্বা দ্বা অধিক্ষেত্রে তৎপর রয়েছে।

পঞ্চদশ জাতীয় সংসদে মোহাম্মদ শাহ আনমের লিখিত প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সংসদে এসব কথা বলেন। বেগম নাজমা আকতারের অন্য এক লিখিত প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে ২৩ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে আইসিটি পণ্য (ল্যাপটপ, প্রিন্টার, ইন্টারনেট মডেম ও সিডি) বিতরণের কার্যক্রম চলছে। আর মাল্টিমিডিয়া প্রকল্পের সময়ের প্রক্রিয়া চূড়ান্ত পর্যায়ে আছে এবং ২০১৩ সালের মধ্যে এ কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত রয়েছে। এছাড়াও প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানের ১জন করে শিক্ষককে ডিজিটাল কনটেন্ট ডেভেলপমেন্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং যেসব প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ নেই সেসব শিক্ষাপ্রতিষ্ঠানে সেলার প্যানেলের মাধ্যমে মাল্টিমিডিয়া শ্রেণীকক্ষে স্থাপনের বিষয়টি বিবেচনায় আনা হচ্ছে।